গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা
১০৮, মতিঝিল বা/এ,ঢাকা।
www.dyd.gov.bd

২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ:
০৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৪.০১.০০০০.০২৮.৫১.০০২.২৪.৭২

বিষয়: **২০২৩-২৪ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ইনোভেশন শোকেসিং আয়োজনের প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ৩.১.১ অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করার লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৬ মে ২০২৪ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে ইনোভেশন শোকেসিং-এর আয়োজন করা হয়। শোকেসিং-এ উপস্থাপিত ৭টি উদ্ভাবনী ধারণার মধ্যে "ডিজিটালি ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ" উদ্ভাবনী উদ্যোগকে শ্রেষ্ঠ হিসেবে নির্বাচিত করা হয়েছে (এতদসংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন সংযুক্ত)।

বর্ণিত অবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন শোকেসিং আয়োজনের প্রতিবেদন সদয় পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ৩(তিন) পাতা।

০৯-০৫-২০২৪
ড. গাজী মোঃ সাইফুজ্জামান
মহাপরিচালক (গ্রেড-১)
০২-২২৩৩৮৯৩৮৯
dg@dyd.gov.bd

সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

**২০২৩-২৪ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে আয়োজিত ইনোভেশন শোকেসিং ২০২৪-এর প্রতিবেদন**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ২০২৩-২৪-এ যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ইনোভেশন শোকেসিং আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৬ মে ২০২৪ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন মাঠ কার্যালয় এবং মহাপরিচালকের কার্যালয়ের বিভিন্ন শাখা কর্তৃক বাস্তবায়িত ০৭টি উদ্ভাবনী ধারণার সমন্বয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে ইনোভেশন শোকেসিং-এর আয়োজন করা হয়।

যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার এ কে এম মফিজুল ইসলাম শোকেসিং অনুষ্ঠানে আগত ইনোভেটর এবং অধিদপ্তরের সকল সম্মানিত কর্মকর্তা ও অতিথিগণকে স্বাগত জানান। তিনি তার বক্তব্যে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণের ভোগান্তি কমিয়ে সেবাসমূহকে সহজ এবং জনগণের দোরগোড়ায় পৌঁছানোর জন্য সেবা ব্যবস্থার মধ্যে আমুল পরিবর্তন এনে আমরা ডিজিটাল বাংলাদেশের ভিত রচনা করেছি। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমরা সকলেই নিজ নিজ অবস্থান থেকে আমাদের সেবাসমূহকে স্মার্ট সেবায় পরিণত করার জন্য সেবা প্রদানে নতুন নতুন উদ্ভাবন ধারণার সৃষ্টি করে সেবাসমূহকে আধুনিক এবং যুব বান্ধব করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

শোকেসিং-এ বিশেষ অতিথি হিসেব উপস্থিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ মোস্তফা কামাল মজুমদার বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর মাঠ কার্যালয় এবং অধিদপ্তরের বিভিন্ন শাখার ৭টি উদ্ভাবনী ধারণা জন্য ৭টি স্টল নির্মাণ করে চমৎকার পরিবেশে ইনোভেশন শোকেসিং আয়োজনের জন্য তিনি যুব উন্নয়ন অধিদপ্তরকে ধন্যবাদ জানান। তিনি বলেন, সেবার মান সহজিকরণ (Service Process Simplification)-এর লক্ষ্যে সেবা প্রদানের ধাপ, সময় ও খরচ কমিয়ে এবং কাজের গুণগত মান বৃদ্ধি করে আমাদের সেবার মধ্যে উদ্ভাবন আনতে হবে। ইনোভেশন হলো এমন সৃজনশীল পরিবর্তন যা কাজের সার্বিক পরিবর্তনসহ নতুন নতুন মাত্রা যোগ করে। তিনি অধিদপ্তর ও মাঠ পর্যায়ের উদ্ভাবনগুলোর সফলতা কামনা করেন।

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) আয়োজিত শোকেসিং-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্টল নির্মাণসহ সার্বিক আয়োজন সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, গৃহীত প্রতিটি উদ্ভাবনী ধারণা যুব উন্নয়ন অধিদপ্তরের কাজকে ত্বরান্বিত করার জন্য সহায়ক। উপস্থাপিত উদ্ভাবনী ধারণাসমূহ থেকে একটি ধারণাকে শ্রেষ্ঠ হিসেবে নির্বাচনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। নির্বাচিত শ্রেষ্ঠ ধারণাটি মন্ত্রণালয়ের অনুষ্ঠিতব্য শোকেসিং প্রেরণ করা হবে। এখানে উপস্থাপিত ৭টি ধারণা নিয়ে একটি পুস্তিকা প্রকাশ করা হবে, যাতে সকলে জানতে পারে যে সেবা প্রদান প্রক্রিয়ায় আমরা কি কি উদ্ভাবন যুক্ত করেছি। সেবা প্রদানকারী হিসেবে জেলা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের স্মার্ট হতে হবে। দৈনন্দিন কাজের মধ্যে পরিবর্তন নিয়ে এসে সেবাকে সহজ করে এবং পর্যায়ক্রমে কাজের গুণগত পরিবর্তনসহ সার্বিক বিষয়ে নজর দিতে হবে। সেবা প্রদানের মান বৃদ্ধিতে প্রত্যেকে যার যার অবস্থান থেকে অবদান রাখার আহ্বান জানিয়ে ইনোভেশন শোকেসিং ২০২৪ এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

২০২৩-২৪ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে নিম্নবর্ণিত ৭টি ধারণা ইনোভেশন শোকেসিং আয়োজন করা হয়েছে-

স্টল নং-১- ডিজিটালি ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ
স্টল নং-২- ঋণ কার্যক্রমের ই-সাভির্সের মাধ্যমে ঋণ প্রদান প্রক্রিয়া সহজিকরণ
স্টল নং-৩- অনলাইন ট্রেনিং অ্যাপ্লিকেশন অ্যান্ড কোর্স ম্যানেজমেন্ট সিস্টেম
স্টল নং-৪- ঋণের ডাটাবেজ এন্ট্রির মাধ্যমে ঋণ নিরীক্ষা সহজিকরণ
স্টল নং- ৫- বেকারমুক্ত গ্রাম সৃজন
স্টল নং- ৬- যুব সংগঠন অনলাইন রেজিস্ট্রেশন
স্টল নং- ৭- আয়বর্ধক কর্মসূচির মাধ্যমে যুব নারী স্বনির্ভরকরণ ও ক্ষমতায়ন।

উপস্থাপিত ৭টি ধারণার মধ্য থেকে একটি ধারণাকে শ্রেষ্ঠ হিসেবে নির্বাচন করে যুব ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য শোকেসিং-এ প্রেরণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তার সমন্বয়ে একটি নির্বাচক প্যানেল তৈরি করা হয়-
পরিচালক(বাস্তবায়ন) ----------- আহ্বায়ক
পরিচালক(প্রশাসন) ------------ সদস্য
পরিচালক (অর্থ) ------------ সদস্য

শোকেসিং এর এ পর্যায়ে মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন শাখা এবং মাঠ পর্যায়ের ০৭টি স্টলে প্রদর্শিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য গৃহীত উদ্যোগসমূহ প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং অধিদপ্তরের পরিচালকগণ পরিদর্শন করেন। প্রদর্শিত উদ্যোগসমূহ নিবিড় পর্যবেক্ষণ ও পর্যালোচনা করে উদ্যোগগুলির ব্যবহার যোগ্যতা, বাস্তবতা ও সম্ভাব্যতা যাচাইপূর্বক রেপ্লিকেশন/স্কেলআপযোগ্য উদ্যোগসমূহ চিহ্নিত করে তা বাস্তবায়নের জন্য মতামত ব্যক্ত করেন।

শোকেসিং-এ প্রত্যেক স্টলে উদ্ভাবক তার উদ্যোগটি কেন গ্রহণ করেছেন, এর সেবার ধাপ বিশ্লেষণ করে প্রস্তুতকৃত বিদ্যমান প্রসেস ম্যাপ, সমস্যা চিহ্নিতকরণ, সমাধানের উপায় নির্ধারণ করে পরিবর্তিত প্রসেস ম্যাপ, টিসিভি বিশ্লেষণ এবং ধারণা বাস্তবায়নের সেবা প্রদানে কি সহজিকরণ হয়েছে, সেবার গুণগতমানের কি উন্নয়ন হয়েছে এবং কি ফলাফল অর্জিত হয়েছে তা উপস্থাপন করেন। নির্বাচকমন্ডলী ধারণা বাস্তবায়নের বিভিন্ন ধাপ, বাস্তবায়ন অগ্রগতি, ধারণাটির লিংক ব্যবহার করে লাইভ অবস্থা পর্যবেক্ষণ এবং পর্যালোচনা করেন। নির্বাচকমন্ডলী প্রতিটি উদ্যোগকেই যুগপযোগী এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কাজের সাথে সম্পৃক্ত মর্মে অভিমত প্রকাশ করেন। বাস্তবায়িত ধারণার বাস্তব অবস্থা ও উপযোগিতাসহ সার্বিক মূল্যায়ন করে নির্বাচক প্যানেল ধারণা ৭টিকে নিম্নবর্ণিত ক্রম অনুসারে নির্বাচিত করেন-

প্রথম স্থান- ডিজিটালি ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ
দ্বিতীয় স্থান- বেকারমুক্ত গ্রাম সৃজন
তৃতীয় স্থান- আয়বর্ধক কর্মসূচির মাধ্যমে যুব নারী স্বনির্ভরকরণ ও ক্ষমতায়ন।
চতুর্থস্থান- যুব সংগঠন অনলাইন রেজিস্ট্রেশন
পঞ্চম স্থান- অনলাইন ট্রেনিং অ্যাপ্লিকেশন অ্যান্ড কোর্স ম্যানেজমেন্ট সিস্টেম
ষষ্ঠ স্থান- ঋণ কার্যক্রমের ই-সার্ভিসের মাধ্যমে ঋণ প্রদান প্রক্রিয়া সহজিকরণ
সপ্তম স্থান- ঋণের ডাটাবেজ এন্ট্রির মাধ্যমে ঋণ নিরীক্ষা সহজিকরণ

সমাপনী পর্বের শুরতেই প্রধান অতিথি ও বিশেষ অতিথিগণ প্রতিটি উদ্যোগের ভূয়শি প্রশংসা করেন এবং পরবর্তী করণীয় বিষয়  নিয়ে সুনির্দিষ্ট মতামত ও পরামর্শ প্রদান করেন। ২০২৩-২৪ অর্থবছরে ইনোভেশন শোকেসিং-এ অংশগ্রহণকারিদের  ৭টি উদ্ভাবনী ধারণার মধ্যে  নির্বাচকমন্ডলী কর্তৃক নির্বাচিত প্রথমস্থান অধিকারী উদ্ভাবনী ধারণা "ডিজিটালি ঋণ আদায় ও রেকর্ড সংরক্ষণ"-কে শ্রেষ্ঠ হিসেবে নির্বাচিত করে মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য ইনোভেশন শোকেসিং-এ প্রেরণের জন্য সুপারিশ করা হয়।

সবশেষে মহাপরিচালক(গ্রেড-১) নান্দনিক উত্তম চর্চার শোকেসিং  আয়োজনের সাথে সম্পৃক্ত থাকায় সকলকে ধন্যবাদ জানান। সম্মানীত বিশেষ অতিথি দাপ্তরিক ব্যস্ততার মাঝেও এ অনুষ্ঠানে উপস্থিত থাকা এবং আয়োজন সম্পর্কে ইতিবাচক মতামত দেওয়ার জন্য ধন্যবাদ প্রদান করেন। অতিথিবৃন্দ ও অংশগ্রহণকারি অধিদপ্তরের কর্মকর্তাদের উপস্থিতিসহ সার্বিক কার্যক্রমের জন্য ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি :  পরিশিষ্ট 'ক' – ১ পাতা
পরিশিষ্ট 'খ' – ৮ পাতা

০৭.০৫.২০২৪

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর

পরিশিষ্ট 'ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা
১০৮, মতিঝিল বা/এ,ঢাকা।
www.dyd.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫১.০০২.২৪.৭০

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ইনোভেশন শোকেসিং-এ অংশগ্রহণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪-এর কর্মসম্পাদন সূচক ৩.১.১ অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে আগামী ৬ মে ২০২৪ গৃহীত উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে সকাল ১১.০০ ঘটিকায় যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে একটি ইনোভেশন শোকেসিং আয়োজন করা হয়েছে। ইনোভেশন শোকেসিং-এ অশগ্রহণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা ও যুব সংগঠককে মনোনয়ন প্রদান করা হলো:

| নং | নাম | পদবী | কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আতিকুর রহমান | উপপরিচালক (প্রশাসন) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ২. | জনাব মোঃ হামিদুর রহমান | উপপরিচালক (প্রশিক্ষণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ৩. | জনাব ফরিদা ইয়াসমিন | উপপরিচালক (দা. বি. ও ঋণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ৪. | মোঃ হারুন-আর-রশীদ খান | উপপরিচালক | যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর |
| ৫. | জনাব মরিয়ম আক্তার | উপপরিচালক (বাস্তবায়ন) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ৬. | জনাব শাহাবউদ্দিন সরকার | উপপরিচালক (বাস্তবায়ন) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ৭. | জনাব মোঃ শাহীনূর রহমান | উপপরিচালক (দা. বি. ও ঋণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ৮. | জনাব কে এম জাহিদ হোসেন | উপপরিচালক (অর্থ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ৯. | জনাব মোঃ সেলিমুল ইসলাম | উপপরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১০. | জনাব ফারিহা নিশাত | উপপরিচালক (প্রশিক্ষণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১১. | জনাব অমলেন্দু বিশ্বাস | প্রোগ্রামার | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১২. | জনাব মোহাম্মদ আবুল বাসার | সহকারি পরিচালক(প্রশাসন) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১৩. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ | সহকারি পরিচালক(পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১৪. | জনাব হাসিনা মমতাজ | সহকারি পরিচালক (বাস্তবায়ন) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১৫. | জনাব মোঃ জাকারিয়া জামিল | সহকারি পরিচালক (প্রশিক্ষণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১৬. | জনাব মোঃ শাহাদাত হোসেন | সহকারি পরিচালক (অর্থ ও অডিট) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১৭. | জনাব শাহ মোঃ আরিফুর রহমান | সহকারি পরিচালক (প্রশিক্ষণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১৮. | জনাব মোঃ মনিরুজ্জামান | সহকারি পরিচালক (দা. বি. ও ঋণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ১৯. | জনাব মারজিয়া সরকার | সহকারি পরিচালক (দা. বি. ও ঋণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ২০ | জনাব মোঃ গজনবী খান | সহকারি পরিচালক (প্রশাসন) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ২১. | জনাব মোঃ আমিরুল ইসলাম | সহকারি পরিচালক (প্রকাশনা) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |
| ২২. | জনাব মোঃ আব্দুল হালিম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | যুব উন্নয়ন অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া |
| ২৩. | জনাব শামীম আহমেদ | প্রোগ্রামার, সুইফটসফ্ট সলিউশন লি. | মিরপুর-১, ঢাকা |
| ২৪. | জনাব মনোয়ারা আক্তার স্বর্ণা | সভাপতি, মাল্টিভোকেশন যুব সংগঠন | জাঝর, গাজীপুর সদর, গাজীপুর |
| ২৫. | জনাব মোঃ জিয়াউর রহমান | প্রশিক্ষক (ইলেক্ট্রনিক্স)(আইসিটি শাখা) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা |

২। মনোনীত কর্মকর্তাগণ আগামী ০৬ মে ২০২৪ সকাল ৯.৩০ ঘটিকায় যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন উপস্থিত থাকতে অনুরোধ করা

হলো।

৩। মনোনীত কর্মকর্তাগণ তাদের গৃহীত উদ্ভাবন উদ্যোগ/ ধরাণা বর্ণনা, প্রসেস ম্যাপ, লিংক ও টিসিভি বিশ্লেষণসহ একটি প্রতিবেদন এবং একটি Power Poin Presentation প্রস্তুত করে শোকেসিং জন্য প্রস্তুতকৃত নির্ধারিত স্টলে অবস্থান করবেন।

৪। মনোনীত কর্মকর্তাগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

৫। মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০২-০৫-২০২৪
এ কে এম মফিজুল ইসলাম
পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী)
০২-৯৫৬১৩৫৩
dirpa@dyd.gov.bd

------------------------------------, ---------------------------------------।

**স্মারক নম্বর:** ৩৪.০১.০০০০.০২৮.৫১.০০২.২৪.৭০/১ (৪)

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ ও চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;

২। পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;

৩। প্রোগ্রামার , আইসিটি অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর এবং

৪। সাঁট লিপিকার , মহাপরিচালকের দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর।

০২-০৫-২০২৪
মারজিয়া সরকার
সহকারী পরিচালক